# চৌদ্দগ্রাম পৌরসভা কার্যালয়

চৌদ্দগ্রাম, কুমিল্লা।

ফোন নং- ০২৩৩৪৪০৮৩৯০ (অফিস), E-mail: chauddagrampourasava@lgd.gov.bd
www.cgpoura.gov.bd

স্মারক নং- চৌদ্দঃপৌঃ/প্রশাসন/ইজারা/২০২৫/১০৯(১) তারিখঃ ১৪/০৫/২০২৫খ্রিঃ

## "অস্থায়ী গবাদি পশুর হাট ইজারার দরপত্র বিজ্ঞপ্তি"

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, জেলা প্রশাসক, কুমিল্লা মহোদয়ের অনুমতি সাপেক্ষে আসন্ন পবিত্র ঈদ-উল-আযহা/২০২৫ উপলক্ষে চৌদ্দগ্রাম পৌরসভাধীন নিম্নলিখিত স্থানে অস্থায়ী গবাদি পশুর হাট ইজারা প্রদানের লক্ষ্যে আগ্রহী দরদাতাগণের নিকট হইতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাইতেছে। দরপত্র নিম্নবর্ণিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হইতে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), চৌদ্দগ্রাম এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হইবে এবং ঐদিনই বেলা ২.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে।

ইজারার সিডিউল পৌরসভা কার্যালয়, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, সহকারী কমিশনার (ভূমি), চৌদ্দগ্রাম এর কার্যালয় হইতে আগ্রহী দরদাতাগণ দরপত্র দাখিলের পূর্বদিন অফিস চলাকালীন সময় পর্যন্ত নির্ধারিত মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করিতে পারিবেন।

ইজারার বিস্তারিত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হইতে অফিস চলাকালীন সময়ে জানা যাইবে।

| ক্রমিক নং | হাটের নাম | সিডিউল মূল্য | দরপত্র দাখিলের তারিখ | কাঙ্খিত ইজারা মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | চৌদ্দগ্রাম পৌরসভাধীন কালিরবাজার কালি মন্দিরের পশ্চিম পার্শ্বের মাঠে অস্থায়ী গবাদি পশুর হাট। | ১,০০০/- | ২২/০৫/২০২৫ | ৭৪,৭৮০/- |

## দরপত্রের শর্তাবলীঃ

০১. দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের সমুদয় অর্থসহ ১০% আয়কর ও ১৫% ভ্যাট এবং ৫% জামানত এর অর্থ একত্রে ব্যাংক ড্রাফটের মাধ্যমে **প্রশাসক, চৌদ্দগ্রাম পৌরসভা, কুমিল্লা** এর অনুকূলে জমা দিতে হইবে।
০২. ইজারাদারকে ইজারাদাতার সাথে ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিসম্পাদন করিতে হইবে।
০৩. ইজারাদার কোনক্রমেই ইজারাপ্রাপ্ত হাট-বাজার অন্যের নিকট ইজারা বা সাবলিজ দিতে পারিবেন না।
০৪. হাটের প্রবেশ রাস্তা ও বাহির হওয়ার রাস্তা আলাদা আলাদাভাবে করিতে হইবে।
০৫. ইজারাদার নিজ দায়িত্বে হাট-বাজার পরিস্কার পরিচ্ছন্ন রাখার ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
০৬. ইজারাদারকে ডিজিটাল সেন্টারের মাধ্যমে ডিজিটাল প্লাটফর্মে পশুর হাট আয়োজনের বিষয়ে অগ্রাধিকার প্রদান করিতে হইবে।
০৭. ইজারাদারকে কোরবানীর পশুর হাট ব্যবস্থাপনা এবং পশু কোরবানীকালীন স্বাস্থ্য বিভাগ প্রণীত গাইডলাইন যথাযথভাবে অনুসরণ নিশ্চিত করিতে হইবে।
০৮. ইজারাদারকে পশুর হাটে পশুর সুস্থতা যাচাই করার জন্য ভেটেরিনারী চিকিৎসক/সার্জন এর অবস্থান নিশ্চিত করিতে হইবে এবং কোরবানীর পশুর হাটে জাল নোট সনাক্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা করিতে হইবে।
০৯. হাত ধোয়ার জন্য পর্যাপ্ত পানি, সাবান ও জীবানু নাশক মওজুদ রাখিতে হইবে।
১০. মহাসড়কের উপর যানযট সৃষ্টি হয় এমনস্থানে গবাদি পশুর হাট বসানো যাইবে না। নির্ধারিত স্থানে গবাদি পশুর হাট বসাইতে হইবে।
১১. সরকারি রেইটের অধিক হারে হাসিল আদায় করা যাইবে না।
১২. হাট-বাজার ইজারার মেয়াদ ১৪৩২ বাংলা/২০২৫ সনে অনুষ্ঠিতব্য ঈদ-উল-আযহা উৎসবের দিন পর্যন্ত বলবৎ থাকিবে।
১৩. দরপত্রে টাকা অংকে এবং কথায় লিখিতে হইবে। কোন প্রকার ত্রুটিপূর্ণ বা ঘষামাজা দরপত্র গ্রহণ করা হইবে না।
১৪. কর্তৃপক্ষ কারণ দর্শানো ব্যতীরেকে সর্বোচ্চ দর গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৪/০৫/২০২৫

(মোঃ জামাল হোসেন)
উপজেলা নির্বাহী অফিসার
চৌদ্দগ্রাম
ও
প্রশাসক
চৌদ্দগ্রাম পৌরসভা, কুমিল্লা।

স্মারক নং- চৌদ্দঃপৌঃ/প্রশাসন/ইজারা/২০২৫/১০৯(১)/(২১) তারিখঃ ১৪/০৫/২০২৫খ্রিঃ

**অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

০১. জেলা প্রশাসক, কুমিল্লা।
০২. উপজেলা নির্বাহী অফিসার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
০৩. সহকারী কমিশনার (ভূমি), চৌদ্দগ্রাম, কুমিল্লা।
০৪. সদস্য, প্রশাসক সহায়তা কমিটি, চৌদ্দগ্রাম পৌরসভা, কুমিল্লা।
০৫. ভারপ্রাপ্ত কর্মকর্তা, চৌদ্দগ্রাম থানা, কুমিল্লা।
০৬. সাব-রেজিষ্ট্রার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
০৭. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
০৮. পোষ্ট মাষ্টার, চৌদ্দগ্রাম, কুমিল্লা।
০৯. সভাপতি/সম্পাদক, চৌদ্দগ্রাম বাজার পরিচালনা কমিটি।
১০. জনাব ________________________________________ সাবেক ইজারা গ্রহীতা।
১১. মেসার্স ______________________ মাইক সার্ভিস, চৌদ্দগ্রাম বাজার। বিজ্ঞপ্তিটি ____________________ তারিখে মাইকযোগে সমগ্র পৌর এলাকায় ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হইল।
১২. নোটিশ বোর্ড, অত্র কার্যালয়।
১৩. সংরক্ষণ নথি।

১৪/০৫/২০২৫

উপজেলা নির্বাহী অফিসার
চৌদ্দগ্রাম, কুমিল্লা
ও
প্রশাসক
চৌদ্দগ্রাম পৌরসভা, কুমিল্লা।